

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০১.২১.৩৭

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০

১৫ ফেব্রুয়ারি ২০২৪

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতা সুবর্ণ জয়ন্তী উদ্যাপন উপলক্ষ্যে সেন্টিনারি মনুমেন্ট নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন।

সূত্র: পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.৩২.০০০০.০১৬.১৪.১৯৮.২১/৮৩৫; তারিখঃ ১২/০২/২০২৪ খ্রি.

আমি নিম্নস্বাক্ষরকারী, পরিকল্পনা কমিশনের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ২১০৯.৬৯ লক্ষ (একুশ কোটি নয় লক্ষ উনসত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন “ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতা সুবর্ণ জয়ন্তী উদ্যাপন উপলক্ষ্যে সেন্টিনারি মনুমেন্ট নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ 'মার্চ ২০২২ হতে ৩১ ডিসেম্বর ২০২৩' এর পরিবর্তে 'মার্চ ২০২২ হতে জুন ২০২৪' পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছিঃ

শর্তাবলি নিম্নরূপঃ

- (ক) প্রকল্পের মেয়াদ আর বৃদ্ধি করা যাবে না এবং জুন, ২০২৪ এর মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে;
- (খ) প্রকল্পের চলমান ভৌত কাজের প্যাকেজসমূহের ঠিকাদারী প্রতিষ্ঠানের মবিলাইজেশন বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (গ) নির্মাণ সামগ্রীর টেণ্ডারপূর্বক নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গুনগতমানের নিশ্চিত করতে হবে এবং এ লক্ষ্যে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে;
- (ঘ) প্রকল্প সম্পর্কিত তথ্যাদি আইএমইডি'র পিএমআইএস (PIMS)-এ হালনাগাদ এন্ট্রি করে এ সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে;
- (ঙ) প্রকল্পটি সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

আপনার বিশ্বস্ত,

১৫-২-২০ ২৪

আহমেদ শিবলী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ২২৩৩৮১৪৮৪

ইমেইল:

planning.sec3@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০১.২১.৩৭/১

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০

১৫ ফেব্রুয়ারি ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) সচিব, অর্থ বিভাগ
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৭) চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৮) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (পত্রে উল্লেখিত শর্তাবলির আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাসময়ে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) যুগ্মসচিব, বাজেট অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১২) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৪) প্রকল্প পরিচালক, “ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতা সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে সেন্টিনারি মনুমেন্ট নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, ঢাকা
- ১৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৬) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

১৫-২-২০ ২৪

আহমেদ শিবলী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)